

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৪৪

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৭৯. সফরে সালাত কসর (সংক্ষেপ) করা:

بَابِ قَصْرِ الصَّلَاةِ فِي السَّفَرِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ عَنْ الْأَوْزَاعِيِّ عَنْ الزُّهْرِيِّ عَنْ سَالِمٍ عَنْ أَبِيهِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى بِمِنَّى رَكْعَتَيْنِ وَأَبُّو بَكْرٍ رَكْعَتَيْنِ وَعُمَرُ رَكْعَتَيْنِ وَعُثْمَانُ رَكْعَتَيْنِ وَعُثَمَانُ رَكْعَتَيْنِ وَعُمَرُ رَكْعَتَيْنِ وَعُثَمَانُ رَكْعَتَيْنِ وَعُثَمَانُ رَكْعَتَيْنِ وَعُثَمَانُ رَكْعَتَيْنِ وَعُثَمَانُ رَكْعَتَيْنِ مَدْرًا مِنْ إِمَارَتِهِ ثُمَّ أَتَمَّهَا بَعْدَ ذَلِكَ

বাংলা

১৫৪৪. সালিমের পিতা (ইবনু উমার) রাদ্বিয়াল্লাহু আনহুমা হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মিনায় দু' রাকা'আত সালাত আদায় করেছেন। (অর্থাৎ কসর করেছেন) আবূ বকর দু' রাকা'আত, উমার দু' রাকা'আত এবং উছমান রাদ্বিয়াল্লাহু আনহুম তাঁর শাসনামলের প্রথমভাগে দু' রাকা'আত সালাত আদায় করেছেন। এর পরবর্তীতে তিনি (উছমান) সালাত সম্পূর্ণ (তথা চার রাকা'আত) আদায় করেছেন।[1]

ফুটনোট

[1]তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: বুখারী, তারুসীরুস সালাত ১০৮২; মুসলিম, সালাতুল মুসাফিরীন ৬৯৪; আমরা এর তাখরীজ দিয়েছি মুসনাদৃল মাউসিলী ২৭৯৪ ও সহীহ ইবনু হিব্বান নং ২৭৪৩, ২৭৪৪, ২৭৪৮ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন